

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়  
পূর্বধলা উপজেলা, নেত্রকোণা।

বিষয়ঃ উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক কমিটির মার্চ /২০২২ ইং মাসের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোছাঃ শারমিন সুলতানা সুমী আকন্দ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা উপজেলা।

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, পূর্বধলা উপজেলা, নেত্রকোণা।

সভার তারিখঃ ২৩ মার্চ, ২০২২ ইং।

সভার সময়ঃ সকাল ১১ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রঃ নং	নাম	ঠিকানা	পদবী
০১	জনাব মোছাঃ শারমিন সুলতানা সুমী আকন্দ	মহিলা ভাইস চেয়ারম্যান, পূর্বধলা, নেত্রকোণা।	সভাপতি
০২	শেখ রাজু আহম্মেদ রাজ্জাক সরকার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা	সদস্য
০৩	মোঃ আবুল হাসিম	স্যানিটারি ইন্সপেক্টর, পূর্বধলা, নেত্রকোণা।	সদস্য
০৪	মোঃ আমিনুল ইসলাম মন্ডল নাটু	চেয়ারম্যান, জারিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	মোঃ জোবায়ের আল-মাহমুদ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ অধিঃ	সদস্য সচিব

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকেই স্বাগত জানান।


অতঃপর সভা পরিচালনা করার জন্য জনাব মোঃ জোবায়ের আল-মাহমুদ, সদস্য সচিব, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে তিনি সভার আলোচনা শুরু করেন।

আলোচনাঃ পূর্বধলা উপজেলার সংশ্লিষ্ট বিভাগের পানি ও স্যানিটেশন বিষয়ক চলমান কার্যক্রম।

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, ২০১৩ ইং সালের তথ্য অনুযায়ী পূর্বধলা উপজেলায় স্যানিটেশন কভারেজ প্রায় ৭৫% যা বর্তমানে নেত্রকোণার গড় প্রায় ৭৯.০০% এবং বাংলাদেশের গড় ৮৭.০০% এরও নিচে। এই হার আরও বাড়াতে অত্র উপজেলার সকল ইউনিয়নে স্যানিটেশন সুবিধা নিশ্চিত করতে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয় এ সময় বলেন যে, প্রতি ইউনিয়নে দুই অথবা তিনটি পরিবারের জন্য অন্তত একটি করে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন সরবরাহ করা হলে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধাপ্রাপ্ত জনগণের সংখ্যা বৃদ্ধি পাবে যা পূর্বধলা উপজেলার সার্বিক স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখবে। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, চলমান অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে গভীর মলকূপ বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। সেগুলোর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তঃ প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা, কর্মচারীবৃন্দের নিবিড় তত্ত্বাবধান ও জমপ্রতিনির্ধিবৃন্দের সার্বিক সহযোগিতা নিশ্চিত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতি ২ মাস অন্তর উক্ত সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অন্য কোন আলোচনা না থাকায়, সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোনা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার স্বার্থে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোছাঃ শারমিন সুলতানা সুমী আকন্দ  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
পূর্বধলা, নেত্রকোনা  
ও  
সভাপতি  
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি  
সরবরাহ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।

স্মারক নংঃ ৪৬.০৩.৭২৮৩.০৬২.৯৯.০০৯.২২- ১৫

তারিখঃ ২৩ মার্চ, ২০২২ ইং



অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোনা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা পূর্বধলা, উপজেলা, নেত্রকোনা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোনা জেলা, নেত্রকোনা।



মোঃ জোবায়ের আল-মহবুব  
উপ-সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,  
পূর্বধলা উপজেলা, নেত্রকোনা।

পূর্বধলা উপজেলার জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মার্চ/২০২২ ইং মাসের সভার হাজিরা

ক্রঃ নং	নাম	ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মোছাঃ শারমিন সুলতানা সুমী আকন্দ	মহিলা ভাইস চেয়ারম্যান, পূর্বধলা, নেত্রকোণা।	সভাপতি	
০২	শেখ রাজু আহমেদ রাজ্জাক সরকার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা	সদস্য	
০৩	মোঃ আবুল হাসিম	স্যানিটারি ইন্সপেক্টর , পূর্বধলা, নেত্রকোণা।	সদস্য	
০৪	মোঃ আমিনুল ইসলাম মন্ডল নান্দু	চেয়ারম্যান, জারিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	
০৫	মোঃ জোবায়ের আল-মাহমুদ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ অধিঃ	সদস্য সচিব	